পদক্ষেপ
মানবিক উন্নয়ন কেন্দ্র

(পদক্ষেপ এর একটি মাসিক 'ই' সাময়িকী)
ই নিউজ

বর্ষ: ১৩ | সংখ্যা: ১২৭

সম্ভাবনার ক্ষমতায়নে সাম্যে গড়া
টেকসই ভবিষ্যতের লক্ষ্যে ১৯৮৬ থেকে

সেপ্টেম্বর ২০২৩





# 'পিএমইউ-নগরভবন' কর্মকর্তাদের পদক্ষেপ এর 'আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস প্রজেক্ট-২' এর জামালপুরের কার্যক্রম পরিদর্শন

নিম্ন আয়ের মানুষের চিকিৎসা সেবা নিশ্চিত করার লক্ষ্যে দেশের বিভিন্ন সিটি কর্পোরেশন ও পৌরসভা এলাকায় স্থানীয় সরকার বিভাগের অধীন 'আরবান প্রাইমারি হেলথ সেন্টার' চালু রয়েছে। এ সকল সেবা কেন্দ্রে মা ও শিশুর স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণের পাশাপাশি বিভিন্ন সেবা প্রদান করা হয়। স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের সরাসরি তত্ত্বাবধায়নে বাস্তবায়নাধীন 'আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট-২' এর জামালপুর পৌরসভায় পদক্ষেপ কর্তৃক পরিচালিত 'পার্টনারশিপ এরিয়া (পিএ)'-০১ এর আওতায় নগর মাতৃসদন কেন্দ্র পরিদর্শন করেন 'প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিট (পিএমইউ)" এর উপ-প্রকল্প পরিচালক (অর্থ) মোহাম্মদ জসিম উদ্দিন, 'পিএইচসিসি' স্পেশালিস্ট লেফটেন্যান্ট কর্নেল ডা. মো: কবির আহম্মেদ খান, প্রজেক্ট কো-অর্ডিনেশন ও সিনিয়র প্রোগ্রাম অফিসার মোঃ ইউনুছ মিয়া। গত ৯-১০ সেপ্টেম্বর ২০২৩ তারিখ পর্যন্ত তাঁরা প্রকল্পের বিভিন্ন কার্যক্রম পরিদর্শন করেন। এরমধ্যে প্রথম দিন 'সিআরএইচসিসি' ও প্রকল্প অফিস পরিদর্শন করেন এবং বিভিন্ন বিষয়ে গুরুত্বপূর্ণ মতামত ও দিকনির্দেশনা প্রদান করেন। দ্বিতীয় দিন যথাক্রমে 'পিএইচসিসি'-১ ও ২ পরিদর্শন করেন এবং গুরুত্বপূর্ণ মতামত প্রদান করেন। পরে পরিদর্শক দলটি জামালপুর পৌরসভার সম্মানিত মেয়র মো: ছানোয়ার হোসেন ছানু এর সাথে পৌরসভার অফিস কক্ষে সাক্ষাৎ করেন এবং প্রকল্পের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। এ সময় পৌর নির্বাহী কর্মকর্তা'সহ অন্যান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালীন সময়ে সার্বক্ষণিকভাবে পদক্ষেপ এর প্রোগ্রাম উইং এর যুগ্ম পরিচালক মোঃ মনিরুজ্জামান সিদ্দিক ও সহকারি পরিচালক (হেলথ এন্ড এ্যাডমিনিস্ট্রেশন) ডা. মোঃ ইউছুফ নবী পরিদর্শন টিমকে সহযোগিতা করেন।

## পদক্ষেপ এর 'সমৃদ্ধি কর্মসূচির' শিক্ষার্থীদের মাঝে ফলজ ও বনজ গাছের চারা বিতরণ



পদক্ষেপ এর সমৃদ্ধি কর্মসূচির আওতায় দাসের বাজার ইউনিয়নে গত ১২ সেপ্টেম্বর ২০২৩ তারিখে শিক্ষা সহায়তা কেন্দ্রের ৭৫০ জন শিক্ষার্থীদের মাঝে ১৫০০টি ফলজ ও বনজ চারা গাছ বিতরণ করা হয়। বিতরণ অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বড়লেখা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার মোঃ নাজমুল হাসান, উপ সহকারি কৃষি কর্মকর্তা নাবিল খান, সাবেক ইউপি সদস্য মোঃ মনির হেসেন। এছাড়া সমৃদ্ধি কর্মসূচির সমন্বয়কারী শ্রীনন্দন বর্মন, স্বাস্থ্য কর্মকর্তা তন্ময় দাস ও সমৃদ্ধি শিক্ষাকেন্দ্রের শিক্ষক ও শিক্ষার্থী'সহ সংশ্লিষ্ট এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ। সমাজ উন্নয়ন কর্মকর্তা মোঃ আলমগীর হোসেন এর সঞ্চালনায়



অনুষ্ঠানটি উদ্বোধন করেন দাসেরবাজার ইউনিয়নের প্যানেল চেয়ারম্যান মোঃ আব্দুর রহমান। উদ্বোধনী বক্তৃতায় তিনি বলেন, পদক্ষেপ সমন্বিত উন্নয়ন কৌশলের আলোকে কৃষি, স্বাস্থ্য, শিক্ষা, আর্থিক ও সামাজিক উন্নয়ন'সহ বিভিন্ন কার্যক্রম দেশব্যাপী পরিচালনা করছে। এসব কার্যক্রম দরিদ্র জনগোষ্ঠীর কল্যাণে ব্যাপক ভূমিকা রাখছে। সেইসাথে আগামী প্রজন্মকে সুস্থ্য রাখতে হলে পরিবেশ দূষণ রোধ করার উপর গুরুত্ব দিতে হবে। তাই 'গাছ লাগান পরিবেশ বাঁচান' এই শ্লোগানকে সামনে রেখে আসুন আমরা সকলে পদক্ষেপ এর পাশে থেকে পরিবেশকে রক্ষার কাজে সহযোগিতা করি। এ ধরনের অনুষ্ঠানের জন্য তিনি পদক্ষেপকে আন্তরিকভাবে ধন্যবাদ জানান।

# পদক্ষেপ এর 'সমৃদ্ধি কর্মসূচির' উদ্যোগে দু:স্থদের জন্য বিনামূল্যে চিকিৎসা সেবা প্রদান




স্বাস্থ্য প্রতিটি জনগণের অন্যতম মৌলিক অধিকার। গ্রামাঞ্চলের দরিদ্র, প্রান্তিক ও সুবিধাবঞ্চিত মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিতকরণ ও উন্নত চিকিৎসাসেবা প্রাপ্তি ও সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সমৃদ্ধি কর্মসূচির আওতায় বিশেষজ্ঞ ডাক্তারের উপস্থিতিতে ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য ক্যাম্প আয়োজন করা হয়। এরই আলোকে পদক্ষেপ তার স্বাস্থ্য কর্মসূচির আওতায় বছরের বিভিন্ন সময়ে প্রত্যন্ত এলাকার দরিদ্র জনগণের কল্যাণে প্রতি মাসে বিনামূল্যে ৪টি স্যাটেলাইট ক্লিনিক এর আয়োজন করে। এরই ধারাবাহিকতায় সেপ্টেম্বর ২০২৩ মাসে সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে বড়লেখা উপজেলার দাসেরবাজার ইউনিয়নে ৪টি স্যাটেলাইট ক্লিনিক এর আয়োজন করা হয়। এ পর্যন্ত মোট ১১৮টি স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে ৩,৫৫৮ জন রোগীকে বিনামুল্যে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। অনুষ্ঠানগুলোতে বড়লেখা উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্সের সহকারি সার্জন ডা. নাজমুল হাছান'সহ বিভিন্ন ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

এছাড়া গত ২২ সেপ্টেম্বর ২০২৩ তারিখ ফ্রি স্বাস্থ্য ক্যাম্পে ২ শতাধিক রোগীকে বিনামূল্যে চিকিৎসাসেবা প্রদানসহ ফ্রি ঔষধপত্র বিতরণ করা হয়। পদক্ষেপ এর সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে ও পিকেএসএফ এর অর্থায়নে বড়লেখা উপজেলার দাসেরবাজার ইউনিয়নে সুরিকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দিনব্যাপী এ কার্যক্রম অনুষ্ঠিত হয়। ফ্রি স্বাস্থ্য ক্যাম্পে এলাকার হতদরিদ্র শিশু, মহিলা ও পুরুষ রোগীদের বিশেষজ্ঞ চিকিৎসক দ্বারা পরীক্ষা-নিরীক্ষা করে বিনামূল্যে ব্যবস্থাপত্র দেয়া হয়। কার্যক্রমের উদ্বোধন করেন দাসেরবাজার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান স্বপন কুমার চক্রবর্তী । উদ্বোধনী বক্তৃতায় তিনি বলেন, পদক্ষেপ বর্তমানে আর্থিক, কৃষি, স্বাস্থ্য, শিক্ষা ও সামাজিক উন্নয়ন কার্যক্রম'সহ বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম দেশব্যাপী পরিচালনা করছে। এসব কার্যক্রম দরিদ্র জনগোষ্ঠীর কল্যাণে ব্যাপক ভূমিকা রাখছে। ক্যাম্পে রোগীদের চিকিৎসা সেবা প্রদান করেন বড়লেখা উপজেলা হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকগণ। এছাড়া চিকিৎসা সেবায় সহযোগিতা করেন পদক্ষেপ এর স্বাস্থ্য কর্মকর্তা তন্ময় দাস এবং স্বাস্থ্য পরিদর্শকগণ। পাশাপাশি কার্যক্রমটি পরিচালনা করেন সংশ্লিষ্ট ব্রাঞ্চ ম্যানেজার শ্রীনন্দন নর্মন, সমাজ উন্নয়ন কর্মকর্তা মোঃ আলমগীর প্রমূখ। এসময় এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে বড়লেখা উপজেলার দাসেরবাজার ইউনিয়নের ১১টি স্বাস্থ্য ক্যাম্প এর মাধ্যমে এ পর্যন্ত ২,৩১৬ জন রোগীকে বিনামূল্যে চিকিৎসাসেবা প্রদান ও ফ্রি ঔষধ বিতারণ করা হয়। উক্ত স্বাস্থ্য ক্যাম্পের ফলে এলাকার মানুষ উপকৃত হচ্ছে এবং তাদের স্বাস্থ্য সেবা উন্নয়নে পদক্ষেপ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে।

# 'প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস' এর পণ্যের লাইসেন্স নিশ্চিতকরণ বিষয়ে আলোচনা সভা



বিশ্ব ব্যাংক ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক সহায়তায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন 'সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)' এর উপ-প্রকল্প 'প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস' এর আওতায় গত ১৩ সেপ্টেম্বর ২০২৩ তারিখে মোহাম্মদপুর এবং মিরপুর শাখার ক্ষুদ্র উদ্যোক্তাদের নিয়ে পণ্য ছাড়পত্রের জন্য পরামর্শ সভার আয়োজন করা হয়। উক্ত সভাটি 'পদক্ষেপ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট এন্ড ম্যানেজমেন্ট (পিআইডিএম)' এ অনুষ্ঠিত হয়।

সভায় স্বাগত বক্তব্য ও প্রকল্প পরিচিতি নিয়ে আলোচনা করেন প্রজেক্ট ম্যানেজার আয়শা সিদ্দীকা। ৬টি ক্যাটাগরির ১৪৫টি পণ্যের জন্য 'বিএসটিআই' লাইসেন্স প্রয়োজন হয়। সেই সকল পণ্যগুলো কী, পণ্য ছাড়পত্র নেয়ার পদ্ধতি, প্রয়োজনীয় কাগজপত্র, আবেদন ফি, মেয়াদ, নবায়ন ইত্যাদি নিয়েও সভায় আলোচনা করা হয়। পাশাপাশি ক্ষুদ্র উদ্যোক্তাদের সাথে পণ্য ছাড়পত্রের নিয়মাবলী বিষয়ে অবহিত করার লক্ষ্যে পণ্যের লাইসেন্স নিশ্চিতকরণের জন্য পরামর্শ প্রদান করা হয়। এছাড়াও নিরাপদ খাদ্য ও উদ্যোক্তাদের ব্যবসা টেকসই করার লক্ষ্যে এবং ছাড়পত্র প্রাপ্তি ও ভবিষ্যৎ বিভিন্ন সুবিধা সম্পর্কে উদ্যোক্তারা জানতে পারে। সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন পরিবেশ কর্মকর্তা মৌসুমি কর এবং টেকনিক্যাল অফিসার লিভা আক্তার প্রমূখ। নিরাপদ পরিবেশ বজায় রেখে মানসম্মত খাদ্য তৈরি করার জন্য সবাইকে সচেতন ও আন্তরিক হয়ে কাজ করার পরামর্শ প্রদানের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

# 'আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস' প্রজেক্টের 'OT Management' বিষয়ক প্রশিক্ষণ



পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন 'আরবান প্রাইমারি হেলথ কেয়ার সার্ভিসেস ডেলিভারি প্রজেক্ট-২' এর গত ১ সেপ্টেম্বর ২০২৩ তারিখে জামালপুর পৌরসভা নগর মাতৃসদনে 'OT Management' এর উপর একটি প্রশিক্ষণের আয়োজন করা হয়। প্রশিক্ষণে কনসালটেন্ট, ক্লিনিক ম্যানেজার, মেডিকেল অফিসার, নার্স, প্যারামেডিক ও ক্লিনিক এইডবৃন্দ অংশগ্রহণ করেন। উক্ত প্রশিক্ষণটিতে রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন জামালপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের সিনিয়র কনসালটেন্ট (গাইনি এন্ড অবস) ডা. খায়রুল বাশার পলাশ। তিনি প্রথম থেকে শেষ পর্যন্ত কীভাবে একটি 'OT' পরিচালনা করতে হয় সেই বিষয়ে প্রশিক্ষণে বিস্তারিত আলোচনা করেন।

# ‘পরিবেশবান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্প’ উপ-প্রকল্পের রপ্তানি বাজারে প্রবেশাধিকার শীর্ষক লিঙ্কেজ সভা



ক্ষুদ্র উদ্যোক্তাদের রপ্তানি বাজারে প্রবেশাধিকারে চ্যালেঞ্জ মোকাবেলা ও পরিবেশ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, কারখানার কর্মপরিবেশ উন্নয়নের জন্য গত ২৭ সেপ্টেম্বর রংপুর সদরে বিশ্ব ব্যাংকের অর্থায়নে ও পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর আওতায় ‘পরিবেশ বান্ধব বৈচিত্র্যময় হস্তশিল্প’ উপ-প্রকল্পের রপ্তানি বাজারে প্রবেশাধিকার শীর্ষক লিঙ্কেজ সভা অনুষ্ঠিত হয়। সভার শুরুতে সকলের সাথে পরিচিতি ও স্বাগত বক্তব্য প্রদান করেন প্রকল্প ব্যবস্থাপক ইরফানুল বারী সরকার। সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রংপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর পরিচালক মোঃ হারুনুর রশিদ এবং বিশেষ অতিথি হিসেবে রংপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এর পরিচালক কে. এম. এলাহী, রংপুর বিসিক এর ডিজিএম মোঃ শামীম হোসেন, রংপুরে বাংলাদেশ তাঁত বোর্ড প্রশিক্ষণ কেন্দ্রের ডিজাইনার ও ইন্সট্রাকটর তপু চৌধুরী, জেডিপিসি সেন্টার ইনচার্জ মোঃ দিদারুল হক এবং পদক্ষেপ এর সহকারি পরিচালক ও জোনাল ম্যানেজার ফকরুল আহম্মেদ।

সভায় প্রধান অতিথি বলেন, “হস্তশিল্পের যে সকল ক্ষুদ্র উদ্যোক্তা আছেন তারা যদি সেবা নিতে চান তাহলে তাঁদের ক্রম উন্নয়নশীল প্রাতিষ্ঠানিক সক্ষমতার দ্বারা পণ্য উন্নয়ন, যুগোপযোগী ও বহুমুখীকরণ এবং বাজার সুদৃঢ়করণ’সহ সম্প্রসারণ মূলক কর্মকাণ্ড বেগবান করা হবে। পাশাপাশি রপ্তানি সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান সমূহকে দ্রুত সহজীকরণ সেবা প্রদান নিশ্চিত করা হবে। পণ্য বাজারজাতকরণ এবং সিগনেচার পণ্যগুলো বিক্রয় ও রপ্তানি করার জন্য সব ধরণের সহযোগিতার আশ্বাস দেন তিনি”। এ ধরনের প্রতিষ্ঠানের বিদেশে রপ্তানি বাণিজ্যে অংশগ্রহণের সক্ষমতা অর্জন বা রপ্তানি বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় পরামর্শ ও তথ্য এবং সহায়তারও আশ্বাস প্রদান করেন অন্যান্য বক্তারা। সেইসাথে উদ্যোক্তাদের সক্ষমতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করার জন্য পদক্ষেপ এর এ ধরনের আয়োজনের ভূয়সী প্রশংসা করেন। কর্মশালায় উদ্যোক্তাদের মাঝে রংপুর চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রির সদস্য ফরম বিতরণ করা হয় এবং সকলেই সদস্য হন। এসময় ক্ষুদ্র উদ্যোক্তাদের কার্যক্রম অবগত করার পাশাপাশি রপ্তানি বাজারে প্রবেশাধিকারে চ্যালেঞ্জ মোকাবিলা ও পরিবেশ সম্পর্কে সচেতনতা বৃদ্ধি এবং কারখানার কর্মপরিবেশ উন্নয়নের উপর আলোকপাত করা হয়। অংশগ্রহণকারীদের সক্রিয় অংশগ্রহণ ও সুচিন্তিত মতামত প্রদানের মাধ্যমে সভাটি প্রাণবন্ত হয়ে ওঠে। টেকসই উন্নয়নের জন্য হস্তশিল্পের প্রসারে পরিবেশবান্ধব প্রযুক্তি ব্যবহার ও ক্ষুদ্র উদ্যোক্তাদের আর্থিক সহায়তা প্রদানের পাশাপাশি পরিবেশকে ঠিক রেখে কার্যক্রম পরিচালনার ওপর গুরত্বারোপ করে আগামীতে আরও এধরণের লিঙ্কেজ সভা আয়োজনের সহযোগিতা কামনা করে আলোচনার সমাপ্তি ঘোষণা করা হয়।

## চুয়াডাঙ্গা এরিয়ার আওতাধীন সরোজগঞ্জ, আসমানখালি ও কার্পাসডাঙ্গা ব্রাঞ্চ এবং দশমিনা এরিয়া অফিসের নতুন ঠিকানা

নবগঠিত কুষ্টিয়া জোনের চুয়াডাঙ্গা এরিয়ার আওতাধীন সরোজগঞ্জ ব্রাঞ্চ অফিসের নতুন ঠিকানা হলো, গ্রাম ও ডাকঘর: সরোজগঞ্জ, উপজেলা ও জেলা: চুয়াডাঙ্গা ও আসমানখালি ব্রাঞ্চ অফিসের নতুন ঠিকানা, গ্রাম ও ডাকঘর: আসমানখালি, উপজেলা: আলমডাঙ্গা, জেলা: চুয়াডাঙ্গ এবং কার্পাসডাঙ্গা ব্রাঞ্চ অফিসের নতুন ঠিকানা, গ্রাম ও ডাকঘর: কার্পাসডাঙ্গা, উপজেলা: দামুড়হুদা, জেলা: চুয়াডাঙ্গা। এছাড়া দশমিনা এরিয়া অফিসের ঠিকানা হলো, আবরার নিকেতন, থানা গেটের দক্ষিণ পার্শ্বে, দশমিনা, পটুয়াখালী।

# ‘স্ট্রিট ফুড’ প্রকল্পের উদ্যোক্তাদের জন্য বিনামূল্যে স্বাস্থ্যসেবা প্রদান




“সুস্বাস্থ্যই হলো সুস্থ সুন্দর ও সতেজ জীবনের চাবিকাঠি” এই শ্লোগানকে সামনে নিয়ে গত ১০ ও ১৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখে পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) ও ওয়ার্ল্ড ব্যাংক এর আর্থিক সহায়তায় সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) এর উপ-প্রকল্প প্রমোশন অব সেইফ স্ট্রিট ফুড ম্যানেজমেন্ট প্র্যাকটিসেস প্রকল্পের আওতায় রংপুর সদর ও সিও বাজার এবং ঢাকার মোহাম্মদপুর ও মিরপুর শাখার উদ্যোক্তাদের নিয়ে বিনামূল্যে স্বাস্থ্য ক্যাম্পের মাধ্যমে বিভিন্ন স্বাস্থ্য সেবা, পরামর্শ ও ঔষধ বিতরণ করা হয়। উক্ত স্বাস্থ্য ক্যাম্পটি রংপুরের প্রজেক্ট অফিসে এবং ঢাকায় পদক্ষেপ ইনস্টিটিউট অব ডেভেলপমেন্ট এন্ড ম্যানেজমেন্ট (পিআইডিএম) এ অনুষ্ঠিত হয়।

ঢাকায় অনুষ্ঠিত ক্যাম্পটিতে প্রজেক্ট ম্যানেজার আয়শা সিদ্দীকা এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। তিনি ‘স্বাস্থ্যই সম্পদ’ এই বহুল পরিচিত বাক্যটির গুরুত্ব তুলে ধরে স্বাস্থ্যকর জীবনযাপনের জন্য সবাইকে সচেতন হওয়ার পরামর্শ প্রদান করেন। ক্যাম্পটি পরিচালনা করেন ডা. মোঃ ইউসুফ নবী। তিনি উদ্যোক্তাদের সাথে স্বাস্থ্য বিষয়ক বিভিন্ন পরামর্শ ও প্রয়োজনীয় চিকিৎসার পাশাপাশি বিনামূল্যে প্রয়োজনীয় ঔষধ বিতরণ করেন। এছাড়া তিনি ব্যক্তিগত পরিষ্কার পরিচ্ছন্নতা, রোগের উপসর্গ, কারণ ইত্যাদি নিয়ে আলোচনা করেন। স্বাস্থ্য ক্যাম্পটিতে বিনামূল্যে ডায়াবেটিস, স্ক্রিন টেস্ট, উচ্চ রক্তচাপ ইত্যাদি পরীক্ষা-নিরীক্ষা করা হয়। ঢাকার ক্যাম্পটিতে সার্বিকভাবে সহযোগিতা করেন প্রকল্পের পরিবেশ কর্মকর্তা মৌসুমি কর ও টেকনিক্যাল অফিসার লিভা আক্তার।

# শোকবার্তা



গভীর দুঃখের সঙ্গে জানাচ্ছি যে, আমাদের সহকর্মী ময়মনসিংহ জোনের শ্রীপুর এরিয়ার আওতাধীন বরমী ব্রাঞ্চের সহকারি ব্রাঞ্চ ম্যানেজার (লোন) আবুল কালাম আজাদ (কর্মী পরিচিতি নং-০৫১০১০৫০৮) স্টোক জনিত কারণে গত ৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখ রোজ সোমবার সন্ধ্যা ৬:৪০ ঘটিকায় হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিলাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৪৮ বছর। আমাদের সহকর্মীর এই দুঃখজনক ও শোকাবহ মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত ও মর্মাহত। মরহুমের মৃত্যুতে তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন এবং পরম করুণাময়ের কাছে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছি।

# দারিদ্র্য বিমোচন ও টেকসই উন্নয়নে 'পিপিইপিপি' প্রকল্পের উন্নয়নমূলক কার্যক্রম

## বিশেষায়িত চক্ষু ক্যাম্প অনুষ্ঠিত




পদক্ষেপ এর "পাথওয়েজ টু প্রসপারিটি ফর এক্সট্রিমলি পুওর পিপল-ইইউ (পিপিইপিপি-ইইউ)" প্রকল্পের কিশোরগঞ্জ জেলার নিকলী, মিঠামইন ও অষ্টগ্রাম উপ-প্রকল্প ইউনিটে প্রকল্পের আওতাভুক্ত সদস্যদের মাঝে ৪টি বিশেষায়িত স্বাস্থ্য ক্যাম্প (চক্ষু) এর আয়োজন করা হয়। উক্ত চক্ষু ক্যাম্পের মাধ্যমে সর্বমোট ৩২৯ জনকে বিনামূল্যে বিভিন্ন চিকিৎসা সেবা প্রদান করা হয়। এরমধ্যে চোখের ছানি সনাক্ত, গ্লুকোমা, ক্যারাটাইটিস ও রেটিনা, চোখের নালি বন্ধ, কর্নিয়ার আলসার, রাতকানা রোগ, চোখ ওঠা ইত্যাদি রোগের চিকিৎসা প্রদান করা হয়। এছাড়া উন্নত চিকিৎসার জন্য পদক্ষেপ এর উদ্যোগে রেফারেল সেবা প্রদান করা হয়। বিশেষায়িত স্বাস্থ্য ক্যাম্প (চক্ষু) এর আয়োজনের মাধ্যমে সনাক্তকৃত সর্বমোট ৪০ জন রোগীর চোখের ছানি অপারেশন করানো হয় এবং বর্তমানে তারা সকলেই সুস্থ আছেন। চক্ষু ক্যাম্পটি পরিচালনা করেন প্রকল্পের পুষ্টি কম্পোনেন্টের কর্মকর্তাবৃন্দ এবং অপারেশন পরিচালনা করেন কিশোরগঞ্জ জেলার 'দীন চক্ষু হাসপাতাল' এর চিকিৎসক।

## কিশোরী ক্লাবের সদস্যদের সক্রিয়করণ ও ইভেন্ট আয়োজন



দেশের আর্থসামাজিক উন্নয়নে কিশোর কিশোরীদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কেননা উন্নয়নের নেতৃত্ব আগামীতে আজকের এই কিশোর কিশোরীরাই গ্রহণ করবে। 'প্রসপারিটি' প্রকল্পের আওতায় সেপ্টেম্বর ২০২৩ মাসে স্কুলভিত্তিক কিশোরী ক্লাবের সদস্যদের সক্রিয়করণ ও ইভেন্টের আয়োজন করা হয়। প্রকল্পের নিকলী, মিঠামইন ও অষ্টগ্রাম উপজেলার ৬টি কিশোরী ক্লাবে বিভিন্ন ইভেন্ট পরিচালনা করা হয়। ইভেন্টগুলোর মধ্যে ছিল বক্তৃতা, কুইজ ও রচনা প্রতিযোগিতা ইত্যাদি। কিশোরী ক্লাবের সদস্যরা তাদের নিজেদের প্রতিভা বিকাশের সুযোগ পেয়ে অনন্দিত ও উচ্ছ্বাসিত হয়েছে। এ সময় স্কুলের শিক্ষক ও পদক্ষেপ এর সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

## প্রকল্প এলাকার বিভিন্ন ইউনিয়ন পরিষদের সাথে সভা




'প্রসপারিটি' প্রকল্পের আওতায় নিকলী, মিঠামইন, অষ্টগ্রাম উপজেলার ১৪টি ইউনিয়ন পরিষদের সদস্যদের সাথে সেপ্টেম্বর ২০২৩ মাসে ১৪টি সভা অনুষ্ঠিত হয়েছে। প্রকল্পের অতিদরিদ্র জনগোষ্ঠির সদস্যদের ইউনিয়ন পরিষদের বিভিন্ন ভাতায় অন্তর্ভুক্ত করা এবং নাগরিক সেবা সিটিজেন চার্টার স্থাপন করার লক্ষ্যে সভাগুলোর আয়োজন করা হয়। সভাগুলোতে ইউনিয়ন পরিষদের সদস্য ও পিভিসি সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

## ডেঙ্গু প্রতিরোধ ও স্বাস্থ্য সম্মত টয়লেট ব্যবহার বিষয়ক ক্যাম্পেইন



প্রকল্পের আওতায় অতিদরিদ্র জনগোষ্ঠির সদস্যদের সচেতনতা বৃদ্ধিমূলক প্রতি মাসে বিভিন্ন ক্যাম্পেইন পরিচালনা করা হয়। সেপ্টেম্বর ২০২৩ মাসে প্রকল্পের নিকলী, মিঠামইন ও অষ্টগ্রাম এই ৩টি উপজেলার ১৪টি ইউনিয়নে ডেঙ্গু প্রতিরোধ ও স্বাস্থ্য সম্মত টয়লেট ব্যবহার বিষয়ক ক্যাম্পেইন পরিচালনা করা হয়। এতে মাইকিং, পোস্টার, লিফলেট ও বিভিন্ন আলোচনা করা হয় । এ সময় পিভিসি, কিশোরী ক্লাব, মা ও শিশু ফোরাম, প্রতিবন্ধী ফোরাম ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ক্যাম্পেইনে উপস্থিত ছিলেন।

## প্রতিবন্ধী ব্যক্তিদের সফলতা বিষয়ক অনুষ্ঠান



পদক্ষেপ এর "পাথওয়েজ টু প্রসপারিটি ফর এক্সট্রিমলি পুওর পিপল-ইইউ (পিপিইপিপি-ইইউ)" প্রকল্পের অতিদরিদ্র জনগোষ্ঠির সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে দারিদ্র্য বিমোচন ও টেকসই উন্নয়নে প্রতিবন্ধী ব্যক্তিদের সফলতা বিষয়ক একটি অনুষ্ঠান কিশোরগঞ্জ জেলার নিকলী ইউনিয়ন পরিষদের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। ১৮ সেপ্টেম্বর ২০২৩ তারিখের অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা সমাজসেবা অফিসার মোঃ আসিফ ইমতিয়াজ মনির'সহ উপজেলা সহকারি মহিলা বিষয়ক কর্মকর্তা এবং ইউনিয়ন পরিষদের সদস্যবৃন্দ ও প্রকল্পের বিভিন্ন পর্যায়ের কর্মীবৃন্দ।

## 'আরএমটিপি' প্রকল্পের আওতায় মৎস্যচাষীদের পুকুরে আধা-নিবিড় পদ্ধতিতে মাছ চাষ বিষয়ক প্রদর্শনী স্থাপন



পদক্ষেপ কর্তৃক বাস্তবায়নাধীন "রুরাল মাইক্রোএন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রজেক্ট (আরএমটিপি)" প্রকল্পের "নিরাপদ মৎস্য পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ" শীর্ষক ভ্যালু চেইন উপ-প্রকল্পের আওতায় মৎস্যচাষীদের অধিকতর আয় ও প্রযুক্তি নির্ভর মাছ চাষ করার জন্য প্রকল্পের কর্ম-এলাকা গোপালগঞ্জ জেলার মোট ৩ জন মৎস্যচাষীর মাঝে আধা-নিবিড় পদ্ধতিতে মাছ চাষ প্রদর্শনী স্থাপন করা হয়। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক ও কারিগরি সহায়তায় চাষীদের মাঝে অধিক ঘনত্বের মাছের জন্য এরেটর ও প্রয়োজনীয় মৎস্য উপকরণ ক্রয়ের নিমিত্তে প্রকল্প থেকে প্রত্যেক চাষীকে ৪০ হাজার টাকা করে আর্থিক অনুদান প্রদান করা হয়। অনুদান প্রাপ্ত মৎস্য চাষীরা হলেন গোপালগঞ্জ সদর উপজেলার উলপুর গ্রামের এস এম সারোয়ার জাহান, মতিউর রহমান মিন্টু ও দিঘারকুল গ্রামের নওয়াব আলী শেখ। এই প্রযুক্তিটি অত্র এলাকায় সফলভাবে বাস্তবায়িত হলে মৎস্য চাষে ব্যাপক সাড়া ফেলবে ও মৎস্যচাষীরা আধা-নিবিড় পদ্ধতিতে মাছ চাষে আগ্রহী হবে।

## 'আরএমটিপি' প্রকল্পের মৎস্যজীবিদের মৎস্য উৎপাদন টেকসইকল্পে বন্যা ও প্রাকৃতিক দুর্যোগে মৎস্য সম্পদ সংরক্ষণ বিষয়ক প্রশিক্ষণ



"রুরাল মাইক্রোএন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রজেক্ট (আরএমটিপি)" প্রকল্পের "নিরাপদ মৎস্য পণ্য উৎপাদন ও বাজারজাতকরণ" শীর্ষক ভ্যালু চেইন উপ-প্রকল্প এর আওতায় মৎস্যজীবিদের মৎস্য উৎপাদন টেকসইকল্পে বন্যা প্রাকৃতিক দুর্যোগের সময় মৎস্য সম্পদ সংরক্ষণ এবং মৎস্য খামারে অপ্রচলিত রাসায়নিক পদার্থ/এন্টিবায়োটিক, রাসায়নিক সার, খাবার মাত্রাতিরিক্ত প্রয়োগের ক্ষতিকর প্রভাব বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়। সেপ্টেম্বর ২০২৩ মাসে গোপালগঞ্জ সদর উপজেলায় ২টি ও টুঙ্গিপাড়া উপজেলায় ১টি প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে মোট ৭৫ জন মৎস্যচাষী অংশগ্রহণ করেন। উক্ত প্রশিক্ষণসমূহ প্রদান করেন প্রকল্পের ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর কৃষিবিদ মো: লেমন মিয়া এবং এভিসিএফ মো: শহিদুল ইসলাম ও মো: তারেক ব্যাপারী।

## সেপ্টেম্বর মাসে প্রশিক্ষণ পেয়েছে ৩৬৩ জন

সেপ্টেম্বর ২০২৩ মাসে অভ্যন্তরীণভাবে পদক্ষেপ এর মাঠ পর্যায়ে নতুন নিয়োগপ্রাপ্ত ৯০ জন কমিউনিটি ম্যানেজারকে "বেসিক ওরিয়েন্টেশন" বিষয়ে এবং ১১৬ জন কর্মরত কমিউনিটি ম্যানেজারকে "দলীয় গতিশীলতা, সঞ্চয় ও ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা" বিষয়ক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এছাড়া প্রধান কার্যালয়ের বিভিন্ন পর্যায়ের ৫৮ জন কর্মীকে মাইক্রোসফট অফিস-২০১৬ স্পেশালিস্ট (অফলাইন) প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। পাশাপাশি বহি:উৎস 'পিকেএসএফ' কর্তৃক আয়োজিত পদক্ষেপ এর সহকারি পরিচালক (ব্রান্ড এন্ড কমিউনিকেশন) পদে ১ জনকে The Art of Facilitation বিষয়ে ও ১ জন সিনিয়র ম্যানেজারকে Tax VAT বিষয়ে এবং 'সিডিএফ' কর্তৃক আয়োজিত ১ জন ব্রাঞ্চ ম্যানেজারকে Promoting Leadership in Microfinance Institutions বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

## পিআইডিএম এ মাসে সেবা দিয়েছে ১০২২ জনকে

পদক্ষেপ তার নিজস্ব প্রশিক্ষণ কেন্দ্র পিআইডিএম-এ পদক্ষেপ'সহ সরকারি বেসরকারি প্রতিষ্ঠানের সহযোগিতায় ও যৌথ ব্যবস্থাপনায় বিভিন্ন বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রদান কার্যক্রম সুষ্ঠভাবে বাস্তবায়ন করে আসছে। এরই ধারাবাহিকতায় সেপ্টেম্বর ২০২৩ মাসে পদক্ষেপ'সহ ১৯টি উন্নয়ন সহযোগী সংস্থার মোট ১০২২ জন কর্মী/উপকারভোগীর অংশগ্রহণে ৭টি সভা ও ১১টি প্রশিক্ষণ ব্যাচের জন্য খাদ্য, ভেন্যু ও আবাসন সেবা প্রদান করা হয়েছে।

## এ মাসে রেমিটেন্স লেনদেন হয়েছে ১৬২টি

সেপ্টেম্বর ২০২৩ মাসে বিভিন্ন ব্রাঞ্চের মাধ্যমে মোট ১৬২ জন গ্রাহককে ৭৮.০৭ লক্ষ টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করা হয়েছে। এভাবে এপর্যন্ত পদক্ষেপ মোট ১,৫৯,৭৭৫ জন গ্রাহককে ৫১৫.১৩ কোটি টাকা রেমিটেন্সের অর্থ প্রদান করেছে। উল্লেখ্য যে, ক্ষুদ্রঋণ কার্যক্রমের সাথে পদক্ষেপ দেশব্যাপী মানিগ্রাম, ট্রান্স-ফাস্ট, এক্সপ্রেস মানি, সিবিএল মানি ট্রান্সফার, ইজেড রেমিট, আল জাদিদ, আফতাব কারেন্সি, ইউনিমনি, ইনস্ট্যান্ট ক্যাশ, রিয়া ও ওয়েস্টার্ন ইউনিয়ন'সহ মোট ২৯টি এক্সচেঞ্জ হাউজ/প্রতিষ্ঠানের মাধ্যমে দ্রুততম সময়ে বিদেশ হতে প্রেরিত রেমিটেন্স গ্রাহকের হাতে পৌঁছে দিচ্ছে।

## এ মাসে ১১৩ জনকে নিয়োগ দিয়েছে পদক্ষেপ

সেপ্টেম্বর ২০২৩ মাসে পদক্ষেপ এর প্রধান কার্যালয়ের মানব সম্পদ ও প্রশাসন বিভাগে সহকারি পরিচালক পদে ১ জন, ড্রাইভার পদে ৪ জন ও সিকিউরিটি গার্ড পদে ১ জন এবং ক্ষুদ্র অর্থায়ন কর্মসূচির বিভিন্ন ব্রাঞ্চে সিএম-১ ও ২ পদে ১৭৯ জন এবং অফিস সহকারি পদে ৫ জনকে নিয়োগ দেয়া হয়েছে। এছাড়া সমৃদ্ধি কর্মসূচির সুরমাতে শিক্ষক পদে ২ জন, পিপিইপিপি প্রকল্পের ঘাগড়া ও কেয়ারজোর ইউনিয়নে এটিও (লাইভলিহুড) পদে ২ জন, 'আরবান প্রাইমারি হেলথ কেয়ার প্রোজেক্ট' এর নেত্রকোনাতে মেডিকেল অফিসার পদে ৩ জন, কাউন্সিলর পদে ১ জন ও ক্লিনিক এইড পদে ১ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে। এসটিআই/এইচআইভি প্রকল্পে পটুয়াখালী এসএইচএসএফ সেন্টারে মেডিকেল অ্যাসিস্ট্যান্ট কাম কাউন্সিলর পদে ১ জনকে নিয়োগ প্রদান করা হয়েছে।

## কর্মী কল্যাণ তহবিল, সিপিএফ ও অনুদান প্রদান

সেপ্টেম্বর ২০২৩ মাসে সিপিএফ হতে ৩৬ জন কর্মীকে ১৮,৭৫,১৬৩/- টাকা প্রদান এবং কর্মী কল্যাণ তহবিল হতে ৩৬ জন কর্মীকে ১,২২,৩০০/- টাকা ফেরত দেয়া হয়েছে। এছাড়া কর্মী স্বেচ্ছা সঞ্চয় ও বীমা প্রোগ্রাম থেকে ৬৭ জনকে ১৮,৯৭,৪৫০/- টাকা এবং কর্মী কল্যাণ তহবিল হতে ৭ জনকে ১,৩৫,০০০/- টাকা অনুদান হিসেবে প্রদান করা হয়েছে।

রিসার্চ, কমিউনিকেশন ও পাবলিকেশন ডিভিশন কর্তৃক প্রণয়নকৃত মাসিক ই-নিউজে আপনার আওতাধীন কার্যক্রমের প্রতিমাসের গুরুত্বপূর্ণ সংবাদ পরবর্তী মাসের ৫ তারিখের মধ্যে zahid@padakhep.org ই-মেইলে জমা প্রদানের আহবান করা হলো।

বাড়ি নং-৫৪৮, রোড নং-১০, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
ফোন ঃ ৫৮১৫১১২৬, ৫৮১৫৬৯২৫, ৫৫০১০৪০৫ ৫৫০১০৪০৬, ফ্যাক্স ঃ ৮৮-২-৯১৩৭৩১০
E-mail : pmuk@padakhep.org info@padakhep.org, Web: www.padakhep.org